

বিস্ফোরক পরিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের জুলাই/২০২০ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভা : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ  
সভার তারিখ ও সময় : ২৩/৭/২০২০ খ্রি: বেলা ১১:০০ ঘটিকা।  
সভার স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিমের সদস্য সচিব জনাব মনিরা ইয়াসমিন জানান, ২০২০-২০২১ অর্থবছরের এপিএ টিমের ১২টি সভা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা আছে। অদ্য অনুষ্ঠিত সভাটি ১ম সভা।

আলোচনা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কৌশলগত উদ্দেশ্যে নিম্নরূপ লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক ২০২০-২০২১ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষরিত হয়েছে:

কার্যক্রম	লক্ষ্যমাত্রা
১.১। বিস্ফোরক, পেট্রোলিয়াম, গ্যাস সিলিন্ডার এবং গ্যাসাধার এর আমদানি, পরিবহন ও মজুদের লাইসেন্স মঞ্জুর	১৩৪০
১.২। বেজা/ এসইজেড অঞ্চলের শিল্পে লাইসেন্স আবেদন নিষ্পত্তিতে সময়সীমা	২১
১.৩। এলপিগিজি সিলিন্ডার আমদানির লাইসেন্স মঞ্জুর	১০০০০০০
১.৪। এলপিগিজি সিলিন্ডার মজুদের লাইসেন্স মঞ্জুর	৩৫০
১.৫। বিস্ফোরক, পেট্রোলিয়াম, প্রজ্বলনীয় তরল পদার্থ, কার্বাইড, গ্যাস সিলিন্ডার, গ্যাসাধার মজুদ প্রাঙ্গণ ও পেট্রোলিয়াম এবং এলপিগিজি ট্যাংকার পরিদর্শন	১১০০
১.৬। পেট্রোলিয়াম অ্যাক্ট ও আর্মস অ্যাক্ট, ১৮৭৮ এর অধীন প্রজ্বলনীয় তরল পদার্থ এবং অন্যান্য বিপজ্জনক পদার্থের আমদানির অনাপত্তিপত্র মঞ্জুর	২৩০০
১.৭। উচ্চচাপ গ্যাস পাইপ লাইনের নকশা নিরীক্ষণ ও অনুমোদন এবং পূর্ব অনুমোদিত গ্যাস পাইপ লাইনে গ্যাস পরিবহনের অনুমোদন প্রদান	৪৩
২। পেট্রোলিয়াম ট্যাংকে মানুষ প্রবেশ ও অগ্নিময় কাজের উপযোগিতা যাচাই করিয়া গ্যাস মুক্ত সনদ জারীর উদ্দেশ্যে ট্যাংক পরীক্ষণ	৭২০০
৩। উচ্চচাপ গ্যাস পাইপলাইনের সক্ষমতা ও নিশ্চিহ্নতা পরীক্ষণ	৪৩
৪। বোমাজাতীয় আলামত পরীক্ষণ ও মতামত প্রদান	২০০

২। উক্ত লক্ষ্যমাত্রা অর্জন করতে পারলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। এপিএ-তে উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সভাপতি উপস্থিত সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য অনুরোধ করেন এবং যথাসময়ে এপিএ টিমের পরবর্তী সভা আহ্বান করার জন্য বলেন।

সিদ্ধান্ত

(ক) লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে।

(খ) আগস্ট/২০২০ মাসের এপিএ টিমের সভা আগস্ট/২০২০ মাসের শেষ সপ্তাহে আয়োজন করতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*Mercy*

২৩/৭/২০২০

(মোঃ মঞ্জুরুল হাফিজ)

উপ-সচিব, আইডি: ১৫২৭৫

প্রধান বিস্ফোরক পরিদর্শক (অ.দা)।

ও

আহ্বায়ক/টিম লিডার, এপিএ টিম।

বিস্ফোরক পরিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।